# বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল

(চূড়ান্ত পরীক্ষা গ্রহণ ও পরিচালনা সংক্রান্ত অনুমোদিত গাইডলাইনের আলোকে প্রণীত)
ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি এবং ডিপ্লোমা ইন মিডওয়াইফারি কোর্সের পরীক্ষা সংশ্লিষ্ট

হালনাগাদঃ ০৩ ডিসেম্বর ২০২৫ খ্রিঃ

## পরীক্ষার্থীদের প্রতি নির্দেশনা

১. পরীক্ষার্থীদের পরীক্ষা শুরুর ৩০ মিনিট পূর্বে হলে প্রবেশ করতে হবে।

২. **পরীক্ষা কক্ষে প্রবেশপত্র, স্টুডেন্ট রেজিস্ট্রেশন, সাধারণ ক্যালকুলেটর ব্যতিত মুঠোফোন (মোবাইল) বা অনাবশ্যক কোন কিছু নিয়ে প্রবেশ এবং ব্যবহার সম্পূর্ণ নিষিদ্ধ।**

৩. প্রবেশপত্রে বর্ণিত সকল নিয়মাবলী অনুসরণ করতে হবে।

৪. উত্তরপত্রের উপর পরীক্ষার্থীর প্রয়োজনীয় তথ্যাদি পরীক্ষার্থীর পরিচয় এবং বিষয় ও গ্রুপ নির্ধারিত স্থানে সঠিকভাবে লিখতে হবে (রোল নং, স্টুডেন্ট আইডি নং অনুযায়ী নির্ধারিত ঘরে স্বাক্ষর ও তারিখ)।

৫. উত্তরপত্র ইনভিজিলেটর কর্তৃক স্বাক্ষর ও তারিখ নিশ্চিত করতে হবে, না থাকলে উত্তরপত্র বাতিল বলে গণ্য হবে।

৬. অবশ্যই পরীক্ষার্থীকে দৈনিক হাজিরা শীটে স্বাক্ষর করতে হবে, স্বাক্ষরে কোন গড়মিল পরিলক্ষিত হলে বা স্বাক্ষর না থাকলে উত্তরপত্র বাতিল/অনুপস্থিত বলে গণ্য করা হবে।

৭. উত্তরপত্রে পরীক্ষার্থী সঠিক তথ্য না লিখলে উত্তরপত্র বাতিল বলে গণ্য হবে এবং পৃথক উত্তরপত্র সরবরাহ করা হবে না।

৮. প্রশ্নপত্রে নির্দেশিত সময় ও পদ্ধতিতে পরীক্ষা গ্রহণ করা হবে। বিধায় গ্রুপ-এ এবং গ্রুপ-বি এর উত্তর সঠিক উত্তরপত্রে লিখতে হবে।

৯. উত্তরপত্রে নির্দিষ্ট স্থান ব্যতিত অন্য কোন স্থানে কিছু লিখা/দাগ দেয়া সম্পূর্ণ নিষিদ্ধ, এরূপ করলে উত্তরপত্র বাতিল বলে গণ্য হবে।

১০. খসড়ার জন্য উত্তরপত্রের ভিতরের পৃষ্ঠার ডান পাশে খসড়া শব্দ লিখে ব্যবহার করা যাবে। কোন পৃথক কাগজ ব্যবহার করা যাবে না। প্রয়োজন হলে সাধারণ ক্যালকুলেটর ব্যবহার করা যাবে তবে, সায়েন্টিফিক/বিশেষ ক্যালকুলেটর বা অন্য কোনো ইলেক্ট্রনিক ডিভাইস নিয়ে প্রবেশ করা যাবে না।

১১. প্রশ্ন বা উত্তরপত্রের কোন পৃষ্ঠা ছেঁড়া/লিখা যাবে না কিংবা কারও সাথে বদল সম্পূর্ণ নিষেধ।

১২. পরীক্ষার্থীকে হল সুপার বা ইনভিজিলেটরের নির্দেশ মেনে চলতে হবে।

১৩. পরীক্ষা শুরুর ১ (এক) ঘন্টা অতিক্রান্ত না হওয়া পর্যন্ত উত্তরপত্র জমা দেয়া বা পরীক্ষা কক্ষ ত্যাগ করা যাবে না।

১৪. পরীক্ষার্থীকে অসদুপায় অবলম্বন বা বিশৃঙ্খলা সৃষ্টি করতে কিংবা অন্যের সাহায্য নিতে দেখা গেলে আইনানুগ/বিধি/গাইডলাইন মোতাবেক শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে এবং তার উত্তরপত্র বাতিল বলে গণ্য হবে। যে কোন বিষয়ে কাউন্সিলের পরীক্ষা নিয়ন্ত্রণ কমিটি সিদ্ধান্ত গ্রহণ করার ক্ষমতা সংরক্ষণ করে।

১৫. পরীক্ষার্থীদের ইউনিফর্ম ও প্রতিষ্ঠানের পরিচয়পত্রসহ পরিহিত (ড্রেস কোড মেনে এবং মুখ ও কান খোলা রেখে) অবস্থায় পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

১৬. পরীক্ষার্থীকে কালো কালির বল পয়েন্ট দিয়ে লিখতে হবে (নীল ও সবুজ কালির কলম ব্যবহার না করা) এবং লাল কালি ব্যবহার সম্পূর্ণ নিষেধ। ব্যবহারিক পরীক্ষার ক্ষেত্রে প্রয়োজনীয় কলম, পেন্সিল ব্যবহার করা যাবে।

CamScanner

# বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল

(চূড়ান্ত পরীক্ষা গ্রহণ ও পরিচালনা সংক্রান্ত অনুমোদিত গাইডলাইনের আলোকে হালনাগদকৃত প্রণীত)

ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি এবং ডিপ্লোমা ইন মিডওয়াইফারি কোর্সের পরীক্ষা সংক্রান্ত

হালনাগাদঃ ০৩ ডিসেম্বর ২০২৫ খ্রিঃ

## অসদুপায় অবলম্বনের বিষয়ে করণীয়

- অসদুপায় অবলম্বনের দায়ে অভিযুক্ত পরীক্ষার্থী ও দায়িত্ব পালনকারিদের বিরুদ্ধে ৩ (তিন) টি স্তরে শাস্তিমূলক (দন্ড) ব্যবস্থা গ্রহণ করা হবে। এ ক্ষেত্রে অভিযোগের সঠিকতা ও অপরাধ অনুযায়ী দন্ড প্রদানের মাত্রা বিবেচনা করতে হবে। যথা:

প্রথম স্তরঃ ইনভিজিলেটর, হল সুপার, পরিদর্শক, পরীক্ষা বাস্তবায়ন কমিটির সদস্য বা উর্দ্ধতন কর্মকর্তার সামনে প্রত্যক্ষ হয় এমন কাজ যেমনঃ অন্যের উত্তরপত্রে নজর দেয়া বা নিজে সুবিধাজনক আসনে বসা বা কথা বলা/শব্দ করা/ইশারা করা বা অন্যকে উত্তরপত্র দেখানো বা প্রশ্নের সাথে সংশ্লিষ্ট এমন কিছু কোথাও লিখে নিয়ে আসা বা প্রয়োজনের অতিরিক্ত ডিভাইস সাথে নিয়ে আসা বা উপযুক্ত কারণ ব্যতিত একাধিকবার টয়লেট ব্যবহার বা অনুরূপ কোন কিছু করা।

দন্ডঃ মৌখিক সতর্ক বা আসন পরিবর্তন/সামনে বসানো বা ৫-১০ মিনিট পরীক্ষায় বিরত রাখা অথবা একাধিকবার করলে দ্বিগুণ ব্যবস্থা গ্রহণ এবং তাতে সংশোধন না হলে উত্তরপত্র বাতিলসহ বহিস্কার করা (প্রমাণপত্র থাকলে তা সংযুক্ত করতে হবে)।

দ্বিতীয় স্তরঃ পরীক্ষার সাথে সংশ্লিষ্ট বই, খাতা, নকল ইত্যাদি নিয়ে আসা বা অন্যের উত্তরপত্র দেখে লেখা বা নকল দেখে লেখা বা প্রশ্নপত্র/উত্তরপত্র পরিবর্তন বা প্রশ্নপত্র/উত্তরপত্রে কোন কিছু লেখা বা হলের বাহিরে গিয়ে কোন কিছু পড়া দেখা বা পরীক্ষায় খাতায় কোন কিছু অনাকাঙ্খিত কোন কিছু লিখলে বা অনুরূপ কোন কিছু করা বা দায়িত্ব পালনকারি কর্তৃক কোন কিছু করা/সহযোগীতা করা।

দন্ডঃ উত্তরপত্র বহাল রেখে পরীক্ষার হল থেকে বহিষ্কার অথবা সংশ্লিষ্ট বিষয়ে আংশিক বা সম্পূর্ণ বিষয় থেকে বহিষ্কার অথবা একাধিকবার করলে ঐ বছরের সম্পূর্ণ পরীক্ষা থেকে বহিস্কার অথবা পূর্বে বর্ণিত কারণে কোন অসদাচারণ করলে অনধিক তিন বছর পরীক্ষা থেকে বহিষ্কার অথবা দায়িত্ব পালনকারির বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ (প্রমাণপত্র থাকলে তা সংযুক্ত করতে হবে)।

তৃতীয় স্তরঃ পরীক্ষা চলাকালিন কোন কর্মকর্তা-কর্মচারীর সাথে অসদাচারণ (অশালীন ভাষা ব্যবহার/হুমকি, প্রহার) বা প্রশ্নপত্র/উত্তরপত্র/সংশ্লিষ্ট কাগজপত্র ছিঁড়ে ফেলা বা একজনের পরীক্ষা অন্যজন দেয়া বা ইনভিজিলেটর/পরীক্ষার্থীর সাথে অনিয়মের বিষয়ে যোগসাজস/পরামর্শ করলে বা ফৌজদারি অপরাধ করলে।

দন্ডঃ অপরাধের মাত্রা বুঝে সংশ্লিষ্ট বিষয়ে বহিষ্কার অথবা সকল বিষয়ের পরীক্ষা থেকে বহিষ্কার অথবা দায়িত্ব পালনকারির রিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ অথবা আইন-শৃংখলা বাহিনীর নিকট হস্তান্তর (প্রমাণপত্র থাকলে তা সংযুক্ত করতে হবে)।

- বহিষ্কারের নিয়মাবলিঃ (১) সংশ্লিষ্ট ইনভিজিলেটর নির্ধারিত ফরম পূরণ (২) ফরমে পরীক্ষা কেন্দ্র, পরীক্ষার তারিখ, পরীক্ষার বিষয় (একক/সকল), পরীক্ষার্থীর নাম, পিতার নাম, মাতার নাম, রোল নং, রেজিস্ট্রেশন নং ইত্যাদি লিখতে হবে (৩) অপরাধের বিবরণী (৪) ব্যবস্থা (দন্ড/শাস্তি) বিবরণ (যদি থাকে) (৫) অপরাধ সনাক্তকারি কর্মকর্তার (ইনভিজিলেট/পরিদর্শক) নাম, পদবী, স্বাক্ষর, তারিখ ও কার্যালয়সহ সীলমোহর/পরিদর্শক সনাক্ত করলে ইনভিজিলেটর প্রতিস্বাক্ষর করবেন (৬) অগ্রবর্তীকারি কর্মকর্তা (কেন্দ্র প্রধান/সচিব) নাম, পদবি, স্বাক্ষর, তারিখ ও কার্যালয়সহ সীলমোহর (৭) গোপনীয়তার সাথে বহিষ্কারাদেশ কেন্দ্রে অনুলিপি সংরক্ষণ, ইনভিজিলেটরের নিকট সংরক্ষণ ও প্রয়োজনীয় দপ্তরে অনুলিপি প্রেরণ (৮) খামে নমুনা/নকল/সংশ্লিষ্ট ডকুমেন্ট সংযুক্ত করে সীলগালা অবস্থায় গোপনীয় ও নিরাপত্তার সাথে রেজিস্ট্রার, বিএনএমসি'র নিকট প্রেরণ।

- নীরব অথবা ঘোষিত বহিষ্কারঃ বহিস্কার সাধারণতঃ বিজ্ঞপ্তি প্রকাশ ও ঘোষণার মাধ্যমে করা হয়। কেন্দ্রের শৃংখলা রক্ষার স্বার্থে নীরব বহিষ্কার করা যেতে পারে, উক্ত বিজ্ঞপ্তির কপি পরীক্ষার্থীসহ সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করতে হবে। ঘোষিত বহিস্কৃত পরীক্ষার্থী লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।

CS CamScanner